গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৪৭-আইন/২০২৬/৭৭/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, স্থানীয়ভাবে Pre-fabricated building উৎপাদনের লক্ষ্যে উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত Table এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লেখিত HS Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহ উহাদের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস ডিউটি (Customs Duty), যে পরিমাণে কলাম (4) এ বর্ণিত হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সম্পূরক শুল্ক (SD), যে পরিমাণে কলাম (5) এ বর্ণিত হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ ও ক্ষেত্রমত, রেগুলেটরি শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description of Goods	CD	SD
(1)	(2)	(3)	(4)	(5)
72.08	7208.10.00	In coils, not further worked than hot-rolled, with patterns in relief	5	0
	7208.25.00	Other, in coils, not further worked than hot- rolled, pickled of a thickness of 4.75 mm or more	5	0
	7208.26.00	Other, in coils, not further worked than hot- rolled, pickled of a thickness of 3 mm or more but less than 4.75 mm	5	0
	7208.27.00	Other, in coils, not further worked than hot- rolled, pickled of a thickness of less than 3 mm	5	0
	7208.36.00	Other, in coils, not further worked than hot- rolled of a thickness exceeding 10 mm	5	0
	7208.37.00	Other, in coils, not further worked than hot- rolled of a thickness of 4.75	5	0

Downloaded from www.taxvatpoint.com

Heading	H.S. Code	Description of Goods	CD	SD
(1)	(2)	(3)	(4)	(5)
		mm or more but not exceeding 10 mm		
	7208.38.00	Other, in coils, not further worked than hot- rolled of a thickness of 3 mm or more but less than 4.75 mm	5	0
	7208.39.00	Other, in coils, not further worked than hot- rolled of a thickness of less than 3 mm	5	0
	7208.40.00	Not in coils, not further worked than hot-rolled, with patterns in relief	5	0
	7208.51.00	Other, not in coils, not further worked than hot-rolled of a thickness exceeding 10 mm	5	0
	7208.52.00	Other, not in coils, not further worked than hot-rolled of a thickness of 4.75 mm or more but not exceeding 10 mm	5	0
	7208.53.00	Other, not in coils, not further worked than hot-rolled of a thickness of 3 mm or more but less than 4.75 mm	5	0
	7208.54.00	Other, not in coils, not further worked than hot-rolled of a thickness of less than 3 mm	5	0
	7208.90.00	Other, not in coils, not further worked than hot-rolled, other	5	0
72.10	7210.49.10	Otherwise plated or coated with zinc other than corrugated of a thickness of 0.4 mm or more	10	0
	7210.49.90	Otherwise plated or coated with zinc other than corrugated of a thickness of 1.0 mm or more	10	0
	7210.61.20	Plated or coated with aluminium-zinc alloys of a thickness of 1.0 mm or more	10	0
	7210.69.20	Plated or coated with aluminium other than aluminium-zinc alloys of a thickness of 1.0 mm or more	10	0
	7210.70.20	Painted, varnished or coated with plastics of a thickness of 1.0 mm or more	10	0
73.18	7318.14.00	Self-tapping screws	15	20

শর্তাবলি

(১) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে;

Downloaded from www.taxvatpoint.com

ব্যাখ্যাঃ

(ক) Industrial IRC holder অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) VAT compliant অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(গ) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং বলিতে World Customs Organization (WCO) কর্তৃক প্রকাশিত Harmonized Commodity Description and Coding System Explanatory Notes এর ব্যাখ্যায় উল্লেখিত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(ঘ) উপ-দফা (গ) তে যাহা কিছুই থাকুক না কেন, কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান নিম্নবর্ণিত Components সমূহ উৎপাদন করিলে ঐ প্রতিষ্ঠানকে প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং শিল্প হিসেবে গন্য করা যাইবে; যথা:-

(১) Column
(২) Rafter
(৩) Purlin
(৪) Roof Panel
(৫) Wall Panel
(৬) Deck Level
(৭) Main Beam/Sub-Beam/Crane Beam
(৮) Strut member
(৯) Cross bracing
(১০) Crane bracket
(১১) Gutter/Valley gutter

(ঙ) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম নিম্নবর্ণিত মেশিনারীজ/যন্ত্রপাতি থাকিতে হইবে, যথা:-

(১) CNC/NC Cutting machine or Heavy duty Shearing machine
(২) CNC/FIN Drill Machine
(৩) Punch Iron Worker Machine
(৪) Assembly machine (H-Beam Machine)

Downloaded from www.taxvatpoint.com

(৫) Submerged Auto Arc Welding (SAW) Machine
(৬) MIG Welding Machine
(৭) ARC Welding Machine
(৮) Redial Drill Machine
(৯) Over head crane-Supply 3 to 40 ton
(১০) Bridge Scale
(১১) Shot Blasting Machine
(১২) Roll Forming Line for Decking Profile
(১৩) Slitter Machine
(১৪) Roll Forming Line for Wall Profile
(১৫) Roll Forming Line for Roof Profile
(১৬) Auto Crimping Curving Machine
(১৭) Roll Forming Line for C/Z Purlin

(২) প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের অতিরিক্ত/যুগ্ম কমিশনার, সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি এবং যে কোনো পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ) একজন শিক্ষক প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদিত প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন ও যাচাইপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর একটি প্রতিবেদন দাখিল করিবেন, উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদনপত্রের ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

(৩) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে উক্ত আমদানিকারক কর্তৃক আমদানিকৃত উপকরণ দ্বারা প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং তৈরিতে ব্যবহৃত হবে মর্মে আমদানিকারক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এবং স্টিল বিল্ডিং ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এসবিএমএ) এর টেকনিক্যাল সাব-কমিটি এর চেয়ারম্যান কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত প্রত্যয়নপত্র পণ্য শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে;

(৪) প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং উৎপাদনকারী কর্তৃক প্রতি একক প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন

Downloaded from www.taxvatpoint.com

এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন এবং সংশ্লিষ্ট ভ্যাট সার্কেলের রাজস্ব কর্মকর্তা কর্তৃক **পরিশিষ্ট** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় পণ্য ঘোষণার সহিত দাখিল করিতে হইবে;

(৫) এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **পরিশিষ্ট** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং উৎপাদন হইতেছে কিনা তাহা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার একজন যুগ্ম কমিশনার ও সংশ্লিষ্ট ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন, গঠিত কমিটি প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া কমিশনারের নিকট প্রতিবেদন দাখিল করিবেন, দাখিলকৃত প্রতিবেদনের সাথে আমদানিকৃত পণ্যের ব্যবহারজনিত বা অন্য কোন অসঙ্গতি থাকিলে তাহা খালাসকারী কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনকে অবহিত করিতে হইবে, ভ্যাট কমিশনারেট হইতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন যথার্থতা যাচাই সাপেক্ষে পুন:শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে;

(৬) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধা গ্রহণের লক্ষ্যে প্রতিষ্ঠানটি পণ্য ঘোষণা দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দূর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(৭) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ দফা (১), (২), (৩), (৪), (৫) ও (৬) এর শর্ত পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মূসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন;

(গ) এই প্রজ্ঞাপনের আওতায় খালাসকৃত প্রতিটি পণ্য চালানের তথ্য সংশ্লিষ্ট শুল্কায়ন সেকশন কর্তৃক সংশ্লিষ্ট মূসক বিভাগে পত্রের মাধ্যমে জানাইতে হইবে, আমদানিকৃত উপকরণ বা কাঁচামাল শর্ত (১) এর দফা (গ) অথবা (ঘ) মোতাবেক প্রি-ফ্যাব্রিকেটেড বিল্ডিং উৎপাদন কাজে ব্যবহৃত হইবে মর্মে সংশ্লিষ্ট আমদানিকারককে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে;

Downloaded from www.taxvatpoint.com

(৮) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা পরিপালন করিতে হইবে;

(৯) অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কী না উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার যেকোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে;

(১০) উপরিল্লিখিত যেকোনো শর্ত পরিপালনে ব্যর্থ হলে বোর্ড, অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে এবং উহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট

[শর্ত (৪) ও (৫) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং স্ট্রাকচার তৈরীর উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান
নির্বাহী কর্মকর্তা/স্বত্ত্বাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com